প্রিয় পরিবারবর্গ:

নভেম্বরের শুরুতে হলুদ বাস পরিষেবায় আশঙ্কাজনক বিঘ্ন সম্পর্কে আপনাদেরকে জানাতে এবং আপনাদেরকে সহযোগিতা দিতে আমরা কেমন প্রস্তুতি নিচ্ছি, সেটা জানাবার জন্য যোগাযোগ করছি। আপনার সন্তানের শিক্ষায় নির্ভরযোগ্য যাতায়াত ব্যবস্থার গুরুত্ব আমরা জানি। যদি বাস পরিষেবায় বিঘ্ন ঘটে, তাহলে আমাদের সবচেয়ে বড় করণীয় হবে প্রতিটি শিক্ষার্থীর বিপত্তি ছাড়া স্কুলে যোগাদান অব্যাহত রাখা নিশ্চিত করা।

যদিও বাস কোম্পানির পক্ষ থেকে কর্মবিরতির সরাসরি কোনো বিজ্ঞপ্তি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ লাভ করেনি, তবুও আমরা নভেম্বর 3, 2025 তারিখের দিকে সেটা শুরু হতে পারে বলে ধারণা করছি। আমরা অবস্থার প্রতি তীক্ষ্ণ নজর রাখছি, এবং আমাদের লক্ষ্য হলো আমাদের শিক্ষার্থী এবং পরিবারবর্গের প্রতি বড় রকমের ক্ষতির ঝুঁকি কমিয়ে আনা। অনুগ্রহ করে নিচের তথ্য পর্যালোচনা করুন এবং ঘটনার সর্বশেষ অগ্রগতি জানার এবং লভ্য তথ্য উপকরণ পাওয়ার জন্য আমাদের ওয়েবসাইট (schools.nyc.gov/transportation) দেখুন, কারণ আমরা চাই আপনারা ঘটনা এবং আপনার জন্য লভ্য তথ্য-উপকরণ সম্পর্কে অবহিত থাকুন।

- **হলুদ বাস পরিষেবা বিঘ্ন হওয়া সম্পর্কিত বিজ্ঞপ্তি:** যদি প্রকৃত কোনো বিঘ্ন সংঘটিত *হয়*, এবং আপনার সন্তানের সমস্যার আশঙ্কা থাকে, তাহলে আপনার স্কুল আপনাকে জানাবে। সন্তানের স্কুলে আপনার দেওয়া আপনার সাথে যোগাযোগের তথ্য ব্যবহার করে বিজ্ঞপ্তি পাঠানো হবে। অনুগ্রহ করে নিশ্চিত করবেন যে আপনার সর্বসাম্প্রতিক তথ্য স্কুলে এবং NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)-এ দেওয়া আছে (এ বিষয়ে schools.nyc.gov/NYCSA থেকে আরও জেনে নিন।)
- **অনলাইনে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)-এর তথ্য-উপকরণ** পরিবারদের জন্য যাতায়াত পরিষেবায় বিঘ্নতা সংক্রান্ত তথ্য-সংস্থান আমাদের ওয়েবসাইট schools.nyc.gov/transportation-এ পাওয়া যাবে। এখানে আপনি OMNY কার্ড, শিক্ষার্থী ও পরিবারদের জন্য যাতায়াতের বিকল্প, উপস্থিতি প্রক্রিয়া, এবং ইয়েলো বাস সার্ভিস (স্কুল বাস পরিষেবা) পুরোপুরি শুরু না হওয়া পর্যন্ত অন্যান্য যে সহায়তা আছে সেগুলো সম্পর্কে তথ্য দেবে। যেহেতু আমরা সর্বসাম্প্রতিক তথ্য হালনাগাদ করবো, সেহেতু অনুগ্রহ করে প্রতিনিয়ত এই পেজটি দেখুন।
- **সোশ্যাল মিডিয়ায় হালনাগাদকৃত তথ্য:** এছাড়াও আমরা হালনাগাদকৃত তথ্য আমাদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলোতে (@NYCSchools-এ Facebook, Twitter, এবং Instagram)-এর মাধ্যমে শেয়ার করবো।

- **অতিরিক্ত তথ্য:** আপনি 311 নম্বরে যে কোনো সময় ফোন করতে পারেন এবং হলুদ বাস পরিষেবা সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে পারেন।
- **বিঘ্ন দেখা দিলে বিকল্প পরিবহন:** হলুদ বাস পরিষেবা ব্যবহারকারী পরিবারদের যাতায়াতের জন্য বিকল্প ব্যবস্থা করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ সক্রিয়ভাবে কাজ করছে। সমস্যাক্রান্ত সকল পরিবারের শিক্ষার্থী ও প্রযত্নপ্রদানকারী উভয়ে বিনামূল্যে OMNY কার্ড-এর সুযোগ পাবেন। এছাড়াও, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ মূল্য-পরিশোধিত রাইডশেয়ার (ভাগাভাগি করে যাতায়াত)-এর সুযোগ দেবে এবং যে ক্ষেত্রে শিক্ষার্থীর ইন্ডিভিজুয়ালআইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) বা অনুযায়ী শিক্ষার্থীর যাতায়াত সুবিধা বা 504 অ্যাকোমোডেশন প্ল্যান (504) সুপারিশকৃত, তাদের ক্ষেত্রে অনুমোদিত ব্যতিক্রমী পরিবহনের জন্য পরিশোধিত অর্থ ফেরতদানের সুযোগ দেবে (schools.nyc.gov/transportationexceptions)। আসন্ন দিনগুলোতে আমরা অতিরিক্ত তথ্য প্রদান করবো। আপনার স্কুলের যাতায়াত ব্যবস্থা সমন্বয়কারী আপনার পরিবারের সহায়তার জন্য আপনার সাথে কাজ করবেন যাতে কোনো বিঘ্ন দেখা দিলে স্কুলে যাওয়া-আসার সম্ভাব্য সেরা ব্যবস্থার আয়োজন করা যায়।

আমরা জানি আমাদের অনেক শিক্ষার্থী ও পরিবার হলুদ বাস সার্ভিসের (স্কুল বাস পরিষেবা) উপর নির্ভর করেন এবং এমনকি এই পরিষেবায় যে সম্ভাব্য বিঘ্নতা সৃষ্টি হবে তাতে যে উদ্বেগ সৃষ্টি করবে, সেই কারণে ফলে এমন পরিস্থিতি মোকাবেলার জন্য স্বচ্ছতা ও সহায়তা আবশ্যিক। সমস্যা নিরসনের জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ অক্লান্তভাবে কাজ করছে এবং আমরা আশা করছি বিকল্প যাতায়াতের এসব পরিকল্পনার প্রয়োজন হবে না।

আমরা আপনাকে সম্ভাব্য সকল উপায়ে সহায়তা করা জন্য অঙ্গীকারবদ্ধ।

বিনীত,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর